FBCCI
Date of Receipt 4/9 Time 12:30PM
Entry No. 403 Signature

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
**প্রশাসন-২ শাখা**
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নম্বর- ২৬.০৬.০০০০.০০২.৩১.০০১.২২.৫০৫৪ তারিখঃ ২০ ভাদ্র ১৪৩১ / ২৮ আগস্ট ২০২৪

বিষয়ঃ যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি)'র সেবা সহজীকরণ সংক্রান্ত উদ্যোগসমূহ অবিহিতকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আরজেএসসি'র সেবা সহজীকরণ সংক্রান্ত উদ্যোগসমূহ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১ পাতা।

মোঃ মিজানুর রহমান এনডিসি
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৫৫০১৩৭৭৬
registrar@roc.gov.bd

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. মাননীয় অর্থ, বাণিজ্য, বিজ্ঞান ও প্রযুক্তি উপদেষ্টার একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৪. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি), সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
৫. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ (আইসিএমএবি), আইসিএমএ ভবন, ৩ নীলক্ষেত রোড, ঢাকা-১২০৫।
৬. প্রেসিডেন্ট, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (আইসিএসবি), পদ্মা লাইফ টাওয়ার, (৭ম ও ৮ম ফ্লোর), ১১৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
৭. প্রেসিডেন্ট, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই), চেম্বার বিল্ডিং (৪র্থ ফ্লোর), ১২২-১২৪, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
৮. প্রেসিডেন্ট, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ঢাকা চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬ মতিঝিল সি/এ, ঢাকা-১০০০
৯. প্রেসিডেন্ট, বাংলাদেশ উইমেন চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, হাউজ-২, (২য় ও ৩য় ফ্লোর), রোড-২৩/সি, গুলশান-১, ঢাকা-১২১২।
১০. প্রেসিডেন্ট, চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিসিসিআই), ডব্লিউটিসি ভবন, ১০২-১০৩ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।
১১. প্রেসিডেন্ট, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), লেক ড্রাইভ রোড, অ্যাভিনিউ-৬, সেক্টর নম্বর ১৭, উত্তরা, ঢাকা।
১২. প্রেসিডেন্ট, বাংলাদেশ নীটওয়ার ম্যানুফ্যাকচারিং এবং এক্সপোর্টিং এ্যাসোসিয়েশন (বিকেএমইএ), ৫৩-৫৪, নওয়াব সলিমুল্লাহ রোড, চাষাঢ়া, নারায়ণগঞ্জ-১৪০০।
১৩. সভাপতি, বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন, শাহবাগ, ঢাকা-১০০০।
১৪. জনাব এ.কে.এম. বদরুদ্দোজা, অ্যাডভোকেট (আপীলেট ডিভিশন), বাংলাদেশ সুপ্রিম কোর্ট ও প্যানেল আইনজীবি, আরজেএসসি, আলআমিন সেন্টার (২য় তলা), ২৫/এ দিলকুশা বা/এ, ঢাকা [ সংশ্লিষ্ট বিজ্ঞ আইনজীবীগণের অবহিতকরণের অনুরোধসহ ]
১৫. নিবন্ধকের ব্যক্তিগত সহকারী, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা (নিবন্ধক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
**www.roc.gov.bd**

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি)'র সেবা সহজীকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্রাহকসেবা সহজীকরণ ও দ্রুততম সময়ে সেবা প্রদানকল্পে আরজেএসসি বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে। ফলে শেয়ার হস্তান্তরকারী ব্যতীত অন্য সেবাগ্রহীতাগণকে এ পরিদপ্তরে প্রবেশের প্রয়োজন নেই। গ্রাহক সেবা সহজীকরণের উদ্দেশ্যে আরজেএসসি নিম্নরূপ উদ্যোগসমূহ গ্রহণ করেছে:

১. ঋণগ্রহীতা কোম্পানির পরিচালকগণের শেয়ার হস্তান্তর ও পরিচালনা পর্ষদ পরিবর্তন সংক্রান্ত অনাপত্তিপত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র সংশ্লিষ্ট ঋণদাতা ব্যাংক কর্তৃক সরাসরি আপলোডের জন্য একটি প্লাটফরম চালু করা হয়েছে। যার মাধ্যমে ঋণ পরিশোধের ছাড়পত্র ও পরিচালকগণের শেয়ার হস্তান্তরের অনাপত্তিপত্র অনলাইনেই যাচাই করা যাচ্ছে। ফলে, অনাপত্তিপত্র ও ছাড়পত্রের সত্যতা যাচাইয়ের সময় হ্রাস পেয়েছে।

২. কোম্পানি আইনের ৩৮(৩) ধারা পরিপালনকল্পে শেয়ার হস্তান্তরকারীর পুন:স্বাক্ষরের জন্য অনলাইনে শেয়ার হস্তান্তর পুন:স্বাক্ষরের appointment system চালু করা হয়েছে। এর মাধ্যমে শেয়ার হস্তান্তরকারীগণ এ পরিদপ্তরে উপস্থিত হয়ে শেয়ার হস্তান্তর দলিলে পুন:স্বাক্ষরের পছন্দসই তারিখ ও সময় নির্বাচন করতে পারছেন এবং এ সম্পর্কে এসএমএস ও ইমেইলের মাধ্যমে অবগত হচ্ছেন।

৩. নিবন্ধিত কোম্পানি, অংশীদারী কারবার, সোসাইটি ও বানিজ্য সংগঠনের বিধিবদ্ধ রিটার্নসহ যেকোন রিটার্ন অনলাইনে দাখিলের জন্য প্রতিষ্ঠানের পক্ষে সরাসরি ব্যবস্থাপনা পরিচালক/ চেয়ারম্যান/ কোম্পানি সচিবকে এসএমএস এর মাধ্যমে entity admin এর বিষয়ে অবগত করা হচ্ছে।

৪. অনলাইনে রেকর্ডকৃত রিটার্নসমূহের সার্টিফাইড কপি ডিজিটাল স্বাক্ষরের মাধ্যমে গ্রাহকের ইমেইলে প্রদান করা হচ্ছে। গ্রাহকগণ এক্ষেত্রে চাহিদানুযায়ী auto digital certified copy অপশন ব্যবহার করে স্বয়ংক্রিয় পদ্ধতিতে digitally স্বাক্ষরকৃত certified copy'র জন্য আবেদন করতে পারেন।

৫. Digitally স্বাক্ষরকৃত certified copy অনলাইনের মাধ্যমে যাচাইকরণের জন্য একটি প্লাটফরম চালু করা হয়েছে। ফলে বিশ্বের যেকোন প্রান্ত হতে digitally স্বাক্ষরকৃত certified copy যাচাই করা যাচ্ছে।

৬. পরিদপ্তরের অনলাইন সিস্টেমে কোন প্রকার হার্ডকপি ছাড়াই নিবন্ধন আবেদন করা যায়। নিবন্ধন শেষে উক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন সংক্রান্ত সনদসমূহ ডিজিটাল স্বাক্ষরের মাধ্যমে গ্রাহকের ইমেইলে প্রেরণ করা হয়।

৭. কোম্পানির নিবন্ধন প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে পরিদপ্তরের অনলাইন সিস্টেমে মডেল MoA ও AoA সংযোজন করা হয়েছে। ফলে কোম্পানির উদ্যোক্তাগণ drop down মেনুর মাধ্যমে প্রয়োজনীয় উদ্দেশ্যসমূহ বাছাই করে MoA ও AoA প্রণয়নপূর্বক নিবন্ধনের আবেদন করতে পারছেন।

৮. পরিদপ্তরে দাখিলকৃত যে কোন সেবা প্রাপ্তির বিষয়ে কোম্পানি আইন ১৯৯৪, অংশীদারী আইন ১৯৩২, সোসাইটিজ রেজিস্ট্রেশন এ্যাক্ট ১৮৬০ এবং বাণিজ্য সংগঠন আইন ২০২২ অনুযায়ী ত্রুটিপূর্ণ রিটার্ন এবং প্রয়োজনীয় দলিলাদি ও কাগজপত্র দাখিল করা হলে, সেক্ষেত্রে পত্র/ইমেইল/Submission status এর মাধ্যমে গ্রাহকগণকে যথাক্রমে সঠিক রিটার্ন এবং সংশ্লিষ্ট দলিলাদি ও কাগজপত্র এ পরিদপ্তরে দাখিলের অনুরোধ করা হয়।

৯. গ্রাহকগণের সুবিধার্থে এ পরিদপ্তরে একটি হেল্প ডেস্ক চালু করা হয়েছে। পরিদপ্তরের কর্মকর্তাগণ রোস্টারের মাধ্যমে উক্ত হেল্প ডেস্কে সেবা প্রদান করছে। ফলে যেকোন সেবাগ্রহীতা উক্ত হেল্প ডেস্ক এর মাধ্যমে সেবা প্রাপ্তি সম্পর্কে যে কোন তথ্য সহজেই অবগত হচ্ছেন, প্রয়োজন অনুযায়ী রিটার্ন সংশ্লিষ্ট দলিলাদি ও কাগজপত্র হেল্প ডেস্ক এর মাধ্যমে এ পরিদপ্তরে দাখিল করতে পারেন।

১০. পরিদপ্তরের যে কোন সেবা মূল্য ব্যাংক, ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড এবং মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস (নগদ ও বিকাশ) এর মাধ্যমে গ্রহণ করা হয়।

১১. কোম্পানি আইন, ১৯৯৪ এর যাবতীয় শর্ত পালন করা হয়েছে মর্মে ২৫ এর ২ ধারায় বর্ণিত ব্যক্তিগণ কর্তৃক প্রদত্ত ঘোষণাপত্র রেজিস্ট্রারের নিকট দাখিলপূর্বক নিবন্ধন সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করা যাবে।

১২. নিবন্ধন পরবর্তী রিটার্ন সংক্রান্ত কার্যক্রম এ পরিদপ্তরের অনলাইনে সংযুক্ত ফরম পূরণপূর্বক দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২৪/৮/২০২৪

মোঃ মিজানুর রহমান এনডিসি